

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ  
১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

তারিখঃ ০৭/০৫/২০২৬খ্রিঃ

দপ্তর আদেশ নং- ২৪২ /২০২৬

জনাব মোঃ রফিক, মাস্টার-২(ভারপ্রাপ্ত), ভৈরব জাহাজ, ডেক ও ইঞ্জিন কর্মী প্রশিক্ষণ কেন্দ্র (ডিইপিটিসি), সোনাকান্দা, বিআইডব্লিউটিএ, নারায়ণগঞ্জ প্রায়শই জাহাজে অনুপস্থিত থাকেন, প্রয়োজনীয় সময়ে ডাকা হলে জাহাজে তিনি যথাসময়ে উপস্থিত হন না এবং দপ্তর হতে মোবাইল ফোনে যোগাযোগের চেষ্টা করলেও তাকে সময়মত পাওয়া যায় না। তিনি দাপ্তরিক দায়িত্ব পালনের ক্ষেত্রে দীর্ঘদিন যাবৎ গুরুতর অনিয়ম, অবহেলা ও শৃঙ্খলা ভঙ্গ করে আসছেন। এছাড়া, নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের গুরুত্বপূর্ণ প্রোগ্রামে উপস্থিত থাকার নির্দেশনা প্রদান করা হলেও তিনি উক্ত প্রোগ্রামে অনুপস্থিত ছিলেন। যা কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী শৃঙ্খলা বিধির পরিপন্থি; তার উক্তরূপ কার্যকলাপ বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৫(ক) এবং (খ) প্রবিধান অনুসারে যথাক্রমে "দায়িত্ব পালনে অবহেলা" এবং "অসদাচরণ" এর দায়ে অন্তর্ভুক্ত হওয়ায় বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৪১(১) প্রবিধান অনুসারে কর্তৃপক্ষের চাকুরী হতে জনাব মোঃ রফিক, মাস্টার-২(ভারপ্রাপ্ত)-কে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

- ০২। সাময়িকভাবে বরখাস্তকালীন সময়ে তিনি বিধি মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্য হবেন।
- ০৩। তিনি ডেক ও ইঞ্জিন কর্মী প্রশিক্ষণ কেন্দ্র (ডিইপিটিসি), সোনাকান্দা, বিআইডব্লিউটিএ, নারায়ণগঞ্জ দৈনিক হাজিরা প্রদান করবেন (হাজিরা প্রদান স্বাপেক্ষে খোরাকী ভাতা পরিশোধ করা হবে)।
- ০৪। আদেশ জারীর তারিখ হতে ইহা কার্যকর হবে।


স্বাক্ষরিত  
(রিয়ার এডমিরাল আরিফ আহমেদ মোস্তফা)  
চেয়ারম্যান  
বিআইডব্লিউটিএ

নথি নং-১৮.১১.০০০০.৩৯৩.৩২.৩০১.১৬/ ৫৫০ (২০)

তারিখঃ ০৭/০৫/২০২৬খ্রিঃ

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ০১। পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০২। পরিচালক, নিরীক্ষা বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৩। পরিচালক, অর্থ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৪। পরিচালক, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। অধ্যক্ষ, ডেক ও ইঞ্জিন কর্মী প্রশিক্ষণ কেন্দ্র (ডিইপিটিসি), সোনাকান্দা, বিআইডব্লিউটিএ, নারায়ণগঞ্জ।
- ০৬। উপ পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, নারায়ণগঞ্জ।
- ০৭। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৮। ব্যক্তিগত সহকারী, সদস্য (অর্থ) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৯। জনাব মোঃ রফিক, মাস্টার-২(ভারপ্রাপ্ত), ভৈরব জাহাজ, ডেক ও ইঞ্জিন কর্মী প্রশিক্ষণ কেন্দ্র (ডিইপিটিসি), সোনাকান্দা, বিআইডব্লিউটিএ, নারায়ণগঞ্জ।
- ১০। নথি।

  
(মোঃ সাইফুল ইসলাম)  
পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ)  
বিআইডব্লিউটিএ।